23 MAY 2017

রজত জয়ন্তী



২৫ বছর পূর্তির উদ্বোধনী অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিরা। ছবি : কালের কণ্ঠ

# সেরার স্বপ্ন নর্থ সাউথের

শরীফুল আলম সুমন ▷

'আমরা সবাই স্বপ্ন দেখি, স্বপ্ন নিয়েই বেঁচে থাকি। ১৯৯০ সালে আমরা কজন একটা বড় স্বপ্ন দেখেছিলাম। এরপর জাতীয় সংসদে আইন পাসের মাধ্যমে বেসরকারি বিশ্ববিদ্যালয় শুরুর অনুমতি দিল সরকার। ১৯৯২ সালে নর্থ সাউথ ইউনিভার্সিটির যাত্রা শুরুর মাধ্যমে আমাদের স্বপ্নেরও যাত্রা শুরু হলো। এর পর থেকে বরাবরই আমরা এই ইউনিভার্সিকে আন্তর্জাতিক মানের শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার স্বপ্ন দেখেছি। আজ নর্থ সাউথের রজত জয়ন্তী উদ্‌যাপন করতে গিয়ে মনে হচ্ছে আমরা পেরেছি। এখন আমাদের স্বপ্ন আরো বড়। তা হলো, আগামী ২৫ বছর বা তারও আগে বিশ্বসেরা ১০০ বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্থান করে নেওয়া। আমরা আশবাদী, সেই স্বপ্নও অধরা থাকবে না।' রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় অবস্থিত নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ২৫ বছর পূর্তিতে রজত জয়ন্তী উদ্‌যাপন অনুষ্ঠানে গতকাল সোমবার এভাবেই প্রতিষ্ঠানটি ঘিরে স্বপ্নের কথাগুলো বললেন প্রতিষ্ঠানটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বেনজীর আহমেদ।

নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) উচ্চশিক্ষায় দেশের প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয়। ১৯৯২ সালে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইনের (সংশোধিত ২০১০) আওতায় এটি যাত্রা শুরু করে। ব্যবসায় প্রশাসন, কম্পিউটার সায়েন্স ও অর্থনীতি—এই তিনটি বিভাগে মোট ১৩৭ জন শিক্ষার্থী নিয়ে রাজধানীর বনানীতে এ বিশ্ববিদ্যালয়ের যাত্রা। বর্তমানে ২২ হাজার শিক্ষার্থী নিয়ে বসুন্ধরা আবাসিক এলাকায় নিজস্ব ক্যাম্পাসে চারটি অনুষদে ১৬টি বিভাগের মাধ্যমে শিক্ষাক্রম পরিচালনা করছে এনএসইউ।

রজত জয়ন্তী উদ্‌যাপনের প্রথম দিন গতকাল ▶▶ পৃষ্ঠা ৮ ক. ২

## সেরার স্বপ্ন নর্থ সাউথের

▶▶ শেষ পৃষ্ঠার পর

বিকেলে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে পাঁচ হাজার শিক্ষার্থীর সমাবেশ ঘটে। এতে মানবপতাকা ও রজত জয়ন্তীর মানবপ্রতীক প্রদর্শন, এনএসইউ থিম সং উদ্বোধন এবং রজত জয়ন্তীর কেক কাটা হয়। দ্বিতীয় পর্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। সম্মানিত অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা অধ্যাপক গওহর রিজভী। এ ছাড়া বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম, বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান আজিম উদ্দিন আহমেদ, বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বেনজীর আহমেদ, এম এ হাশেম, মো. শাহজাহান, রেহেনা রহমান, ইয়াসমীন কামাল ও উপ-উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক গিয়াস উদ্দিন আহসান।

অনুষ্ঠানে হাসানুল হক ইনু বলেন, 'দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে কয়েকজন উদ্যোক্তা এই নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় স্থাপন করেন। প্রথম দিকে বেসরকারি বিশ্ববিদ্যালয় নিয়ে অনেক বিতর্ক হলেও এখন মনে হয় ভালোই হয়েছে। নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়কে জঙ্গি উৎপাদনের কারখানা হিসেবে অভিযোগ করেন অনেকেই। অথচ ঢাকা বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ে যে রগকাটা বাহিনীর জন্ম হয়েছে সেটা কেউ বলেন না। আমি চারবার এই বিশ্ববিদ্যালয়ে এসেছি। আমি তো দেখি এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা দেশপ্রেমিক। তারা বঙ্গবন্ধুকে জানে।'

তিনি বলেন, 'আজকের বাংলাদেশে মূল্যবোধের ঘাটতি রয়েছে। এমনটা চলতে থাকলে মানবিক সমাজ তৈরি হবে না। আমরা মানুষের মতো মানুষ চাই, যারা হবে দেশপ্রেমিক। আর সমাজকেও এগিয়ে নিতে নতুন বীর দরকার, যারা ইতিহাস রচনা করবে।'

গওহর রিজভী বলেন, 'বিশ্ববিদ্যালয় শুধু পড়ালেখার জায়গা নয়। এটা জ্ঞান সৃষ্টির জায়গা। এখানেই নতুন জ্ঞান তৈরি হয়। এ জন্য একটা বিশ্ববিদ্যালয়ের জন্য সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ গবেষণা। গ্লোবাল ইউনিভার্সিটির জায়গা পেতে হলেও গবেষণার বিকল্প নেই। আর একটা ভালো বিশ্ববিদ্যালয়ের প্রধান উপাদান ফ্যাকাল্টি। প্রায় শুরু থেকেই আমি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়কে দেখছি। আজ তারা রজত জয়ন্তী পালন করছে। আমার মনে হয় ভালো বিশ্ববিদ্যালয়ের সব গুণই তাদের আছে।'

আজিম উদ্দিন আহমেদ বলেন, 'আমরা ২৫ বছরে শুধু সংখ্যার দিকেই এগিয়ে যাইনি, মানেও এগিয়েছি। আমাদের কারিকুলাম আন্তর্জাতিক মানের। নর্থ সাউথের একক স্বীকৃতি আজ বিশ্বব্যাপী। ইতিমধ্যে আমরা ২৫০ বিঘা জমি কিনেছি। সেখানে বিশ্বমানের অতি আধুনিক আবাসিক ক্যাম্পাস হবে। এতে আরো এক ধাপ এগিয়ে যাবে এই বিশ্ববিদ্যালয়।'

রজত জয়ন্তী উদ্‌যাপনের দ্বিতীয় দিন ক্লাব ও অ্যালামনাই দিবস উপলক্ষে আজ মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের চারটি স্কুলের আওতাধীন ২১ ক্লাবের সব শিক্ষার্থী ও অ্যালামনাই তাঁদের অর্জনগুলো প্রদর্শন করবেন। আগামীকাল বুধবার তৃতীয় দিনে সমাপনী অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা হোসেন তৌফিক ইমামের উপস্থিত থাকার কথা রয়েছে।

জানা যায়, নিজ নিজ ক্ষেত্রে সফল বেশ কয়েকজন শিল্পোদ্যোক্তা শিক্ষানুরাগী মেধাপাচার রোধ, মানসম্পন্ন উচ্চশিক্ষিত মানবসম্পদ তৈরি ও কর্মসংস্থানের ভাবনা থেকে এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন। দেশে বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য কোনো আইন না থাকায় শুরুতে উদ্যোক্তাদের বেশ বেগ পেতে হয়। পরে নর্থ সাউথ ফাউন্ডেশন প্রতিষ্ঠা পায়। তাঁদের চেষ্টায়ই 'প্রাইভেট ইউনিভার্সিটি অ্যাক্ট ১৯৯২' সংসদে পাস হয়। এরপর ওই বছরই এ বিশ্ববিদ্যালয় অনুমোদন পায়। নর্থ সাউথ ইউনিভার্সিটিই এখন দেশসেরা বেসরকারি বিশ্ববিদ্যালয়। বিশ্ব পরিমণ্ডলেও এটি আজ স্বীকৃত একটি শিক্ষাপ্রতিষ্ঠান।


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| টীম, পরিসংখ্যান বিভাগ | |
| টীম, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর